তারিখ 27 SEP 2016
পৃষ্ঠা ৩ (৩) কলাম ৩

যুগান্তর

# কওমি মাদ্রাসার ১৯ শিক্ষাবোর্ড

যুগান্তর রিপোর্ট

সারা দেশে গড়ে ওঠা কওমি মাদ্রাসা নিয়ন্ত্রণ ও সনদ দেয়ার লক্ষ্যে ১৯টি শিক্ষা বোর্ড আছে। এর মধ্যে একটি শুধু কেন্দ্রীয়। তা হচ্ছে, বেফাকুল মাদারাসিল আরাবিয়া বাংলাদেশ (বেফাক)। বাকিগুলো আঞ্চলিক বোর্ড হিসেবে পরিচিত।

বেফাকের মহাসচিব মাওলানা মুহাম্মাদ আবদুল আজিজ জাহানাবাদী যুগান্তরকে বলেন, আলেমদের মধ্যে নেতৃত্বের প্রতিযোগিতার কারণে ব্যক্তিকেন্দ্রিক অনেক শিক্ষা বোর্ড গড়ে উঠেছে। বোর্ডগুলো নিজ এলাকায় প্রতিষ্ঠিত মাদ্রাসার লেখাপড়া, সনদ দেয়া, পরিদর্শন ইত্যাদি দেখভাল করে থাকে।

জানা গেছে, ১৯টি বোর্ডের মধ্যে ঢাকা বিভাগেই আছে ৮টি। এগুলো হল— বেফাকুল মাদারাসিল আরাবিয়া বাংলাদেশ-ঢাকা, ইলহাকুল মাদারিস-যাত্রাবাড়ী ঢাকা, তালীমী বোর্ড মাদারিসে কওমিয়া আরাবিয়া বাংলাদেশ-নারায়ণগঞ্জ, দক্ষিণ ঢাকা এদারা-মুন্সীগঞ্জ, তানযীমুল মাদারিস-নরসিংদী, এদারায়ে তালীমিয়া-ব্রাহ্মণবাড়িয়া, তানযীমুল মাদারাসিল কওমিয়া-কিশোরগঞ্জ ও বেফাকুল মাদারাসিল কওমিয়া-গোপালগঞ্জ।

সিলেট বিভাগে আছে ৪টি বোর্ড। এগুলো হল— আজাদ দ্বীনী এদারায়ে তালীম সিলেট বিভাগ, আজাদ দ্বীনী এদারায়ে তালীম বাংলাদেশ-সিলেট, দ্বীনী শিক্ষা বোর্ড-সিলেট ও দ্বীনী শিক্ষা বোর্ড-হবিগঞ্জ। চট্টগ্রাম বিভাগে আছে ৩টি; আঞ্জুমানে ইত্তিহাদুল মাদারিস-পটিয়া চট্টগ্রাম, উলামা বাজার মাদ্রাসা ফেনীকেন্দ্রিক ও কুমিল্লা তানযীমুল মাদারিস। বরিশাল বিভাগে আছে দুইটি; কওমি মাদরাসা ঐক্য পরিষদ-বরিশাল ও ভোলা জেলা তানযীমুল মাদারিস। রাজশাহীতে রয়েছে দুটি— রাজশাহী বিভাগ তানজিমুল মাদারিস ও তানযীমুল মাদারিস-বগুড়া।